Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 16 April, 2025

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ আগামী জুলাই মাসে ঘোষণা করা হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) মো.

আনোয়ারুল ইসলাম সরকার।

বুধবার (১৬ এপ্রিল) আগারগাঁওয়ের নির্বাচন ভবনে নিজ কার্যালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি।

ইসি আনোয়ারুল বলেন, তফসিল ঘোষণার আগে যেসব তরুণের বয়স ১৮ বছর পূর্ণ হবে তাদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে।তবে

বিদ্যমান আইন দিয়ে হবে না।এজন্য আইন পর্যালোচনা করে সংশোধন করা হবে।এমন উদ্যোগ প্রথমবারের মতো নেওয়া হচ্ছে।

দেশের বিদ্যমান আইনশৃঙ্খলা পরিস্থিতিতে নির্বাচন সম্ভব কি না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমি বেশকিছু জেলায় ভিজিট করেছি।

আইনশৃষ্পালা বাহিনীর সদস্যরা বলেছেন, তারা আরও ইম্প্রভ করবেন।আইনশৃষ্পালা প্রতিদিন উন্নত হচ্ছে।আপনারা দেখে থাকবেন, আগের

তুলনায় বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো।সুষ্ঠু নির্বাচনের জন্য সব পদক্ষেপ নেওয়া হবে।

নির্বাচন কমিশনার আরও বলেন, সুষ্ঠু নির্বাচনের জন্য একটি স্বয়ংসম্পূর্ণ ও পরিশুদ্ধ ভোটার তালিকা অপরিহার্য।নির্বাচন কমিশন ভোটার

তালিকা হালনাগাদের কাজ ঘরে ঘরে গিয়ে সুন্দরভাবে সম্পন্ন করেছে, আমরা সন্তুষ্ট।আমাদের টার্গেট ছিল ৬১ লাখ ৮৮ হাজার নতুন ভোটার

নিবন্ধিত হবে।দেখা যাচ্ছে, ৪৩ লাখের ওপরে বাদ পড়া ভোটার নিবন্ধিত হয়েছে, নতুন হয়েছে ১৯ লাখ ৬৬ হাজার।মোট ৬৩ লাখ ভোটার

নিবন্ধিত হয়েছে।আমরা আশা করি জুনের মধ্যে চূড়ান্ত ভোটার তালিকাটি পেয়ে যাব।

এখন প্রশ্ন হচ্ছে, তফসিল ঘোষণার আগে অনেকের বয়স ১৮ হবে।তারাও ভোট দিতে চায়, এবার এই তরুণরা নতুন ভোটার হবে।নির্বাচন

কমিশন সর্বোচ্চ চেষ্টা করবে তফসিল ঘোষণার আগ পর্যন্ত যাদের বয়স ১৮ হবে তাদের যেন আমরা ভোটার তালিকায় যুক্ত করতে পারি এবং

তারা যেন ভোট দিতে পারে।

নির্বাচন নির্বাচন কমিশন জাতীয় সংসদ সংসদ নির্বাচন বাংলাদেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:10